জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০২১-২০২২/ ৭৬৫ তারিখঃ ০২/০২/২০২২ খ্রিঃ

# সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ০৮/০২/২০২২ তারিখ রোজঃ মঙ্গলবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। শিশুদের জন্য মাতৃ দুগ্ধের গুনাগুন প্রসঙ্গে।
৩। (জানুয়ারী-মার্চ/২০২২) কোয়াটারে উঠান বৈঠক ফলপ্রসু করণ বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

(মোছাঃ মুন্নুজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

........................................................

........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ০৮-০২-২০২২ইং
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জঃপৌঃস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-০৫ জঃপৌঃস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।
সিদ্ধান্ত ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচ্য বিষয় ঃ শিশুদের জন্য মাতৃ দুগ্ধের গুনাগুন প্রসঙ্গে।

আলোচনা ঃ আলোচ্য বিষয়ের উপর সভাপতি মহোদয় বলেন, শিশু জন্মের পরই পরিবার পরিজন বিশেষ করে মায়ের পরিচর্যায় শিশু বেড়ে ওঠে। শিশুর এ বেড়ে ওঠার পেছনে মায়ের বুকের দুধের অবদান অপরিসীম। মায়ের এই দুধ এমনই এক সুষম খাদ্য যা প্রথম ছয় মাস খাওয়ালে সে সময়ে অন্য কোন খাবার এমনকি সাধারণ পানির ও প্রয়োজন নেই। মাতৃ স্তনে প্রথম যে দুধ আসে তার নাম শাল দুধ। এটি হালকা হলুদ বর্ণের। এটি শিশুর প্রথম খাবার এবং প্রথম টিকা হিসাবে কাজ করে। এছাড়াও এই দুধে এমন সব উপাদান আছে যা রোগজীবানুর বিরুদ্ধে প্রতিরোধ তৈরী করে। চিকিৎসকের মতে শাল দুধ পেট পরিষ্কার করে ফলে শিশুর জন্ডিস কম হয়। পাপিয়া,কাউন্সিলর,সংরক্ষিত-০২, জয়পুরহাট পৌরসভা- বলেন, শাল দুধে ভিটামিন 'এ' থাকার কারণে শিশুর অন্ধত্ব দূর হয়। বিষয়টির উপর সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ শিশু জন্মের পর পরই মায়েরা যেন শিশুদের শাল দুধ খাওয়ান, সে ব্যাপারে মাঠকর্মীগণ বাড়ী বাড়ী মায়েদের উদ্বুদ্ধ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

২নং আলোচ্য বিষয় ঃ (জানুয়ারী-মার্চ/২০২২) কোয়াটারে উঠান বৈঠক ফলপ্রসু করণ বিষয়ে আলোচনা।

আলোচনাঃ-সভাপতি মহোদয় উপস্থিত সকলের দৃষ্টি আর্কষণ করে বলেন, চলতি কোয়াটারে শীঘ্রই উঠান বৈঠকের আয়োজন প্রক্রিয়াা শুরু করা প্রয়োজন। উক্ত আলোচনার প্রেক্ষিতে কমিটি সদস্য জনাব মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং -০২, জয়পুরহাট পৌরসভা- সভাপতি মহোদয়ের কাছে উঠান বৈঠক আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটি সদস্য সচিব উক্ত প্রশ্নের আলোকে বলেন, আপনারা অবগত আছেন উঠান বৈঠক আয়োজনের জন্য UGIIP-3 প্রকল্প অফিস হতে বৈঠকের ব্যয় নির্বাহের জন্য বাজেট প্রদান করেন, উঠান বৈঠকের ব্যয় নির্বাহের নিমিত্তে প্রকল্প অফিস হতে বাজেট সংবলিত চিঠি গত মাসের শেষের দিকে প্রেরণ করেছেন। চিঠি নির্দেশনা অনুযায়ী এ কমিটির সভাপতি সকল কাউন্সিলর এর সাথে আলোচনা করে উঠান বৈঠকের জন্য ওয়ার্ড ভিত্তিক স্থান ও সময় নির্ধারিন করে মার্চ/২২ মাসের মধ্যে উঠান বৈঠক আয়োজনের ব্যবস্থা করবেন। বিষয়টি নিয়ে সভ্যগণের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ- সংরক্ষিত মহিলা কাউন্সিলর ও প্রত্যেক ওয়ার্ডের কাউন্সিলরদের সাথে পরামর্শ ক্রমে প্রত্যেক ওয়ার্ডে ১টি করে স্থান নির্বাচন ও তারিখ নির্ধারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অত্র কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান ও UGIIP-3 প্রকল্পের এলসিডিএ জনাব মোঃ নুর মোহাম্মদ কে দায়িত্ব প্রদান করা হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২১-২০২২/ ৭৫০

তারিখ ঃ ০৪/০২/২০২২ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ০৮/০২/২০২২ ইং।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ জান্নাতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | |